



# নন্-ম্যাট্রিক সমাচার

ফেরদৌস আরেফীন (arefin78@gmail.com)

নন্-ম্যাট্রিক প্রধানমন্ত্রী মোদের ম্যাডাম জিয়া,  
 ক্লাস এইটের ছাত্রী যখন কমপ্লিট তার বিয়া।  
 নন্-ম্যাট্রিক হলেও তিনি সাজগোজে বেশ পাকা,  
 ডাগর ডাগর চোখ দুখানি কাজল দিয়ে আঁকা,  
 পরিপাটি চুলের বাহার, রঙ বেরঙের শাড়ি,  
 ম্যাচিং করা টিপ লিপিস্টিক নেকলেস আর চুড়ি।  
 রূপসজ্জায় বেগম জিয়ার হাজার রকম বায়না,  
 ডাবের পানি ছাড়া নাকি মুখ ধোয়া তার হয়না।  
 পুতুল বিবির রূপের তাপে ভাঙ্গে কাঁচের আয়না,  
 ঐদিকে তার দেশের মানুষ দুমুঠো ভাত পায়না।

নন্-ম্যাট্রিক প্রধানমন্ত্রীর পুত্র তারেক জিয়া  
 সবকিছুই সে ওজন করে টাকার অঙ্ক দিয়া,  
 টাকাই যে তার পিতা-মাতা, ধর্ম-কর্ম-মন,  
 সেও নাকি নন্-ম্যাট্রিক - কহেন জনগন।  
 নন্-ম্যাট্রিক প্রধানমন্ত্রীর নন্-ম্যাট্রিক পোলা -  
 পরিবারটাই অশিক্ষিত, বিধাতার কি লীলা !

ম্যাডাম জিয়ার ডানহস্ত - নামটি তাহার ফালু,  
 সেও আর এক নন্-ম্যাট্রিক, বেচতো নাকি আলু ?  
 লোকে বলে মগবাজারে করতো আলুর ব্যবসা,  
 কার জোরে সে এম.পি হলো - বিষয়টা বেশ ঝাপসা।

বেগম জিয়ার বামহস্ত আরেক মহাজন,  
 গালি-গালাজ বিহীন কথা কমই তিনি কন,  
 নামটা যে তার খুবই চেনা - সা.কা চৌধুরী,  
 শরীরে তার খুনীর রক্ত, মুখটা গালির বুড়ি।  
 কুকর্মের তার নজীর আছে হাজারে হাজারে,  
 সেই কারনেই আছে সে ম্যাডামের সুনজরে।

বেগম জিয়ার বেয়াই সাহেব বাচাল আলতাফ,  
 “আল্লার মাল আল্লা নিছে - কইরা দিয়েন মাফ”  
 “টাইটানিকই ডুইবা গেল - লঞ্চ আর এমন কি ?”  
 - এসব বানী তারই দেয়া, মনে পড়ছে কি?

অপর পৃষ্ঠায় >>>

